গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/১২৮৪৫ তারিখ ঃ ১৮.০৭.২০১৯

বিষয় ঃ **তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সম্বলিত জুলাই-২০১৯ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।**

গণযোগাযোগ অধিদপ্তর দেশের ৬৪ জেলা এবং পার্বত্য এলাকার ৪ উপজেলাসহ মোট ৬৮ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে মাসিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক আলোচনা সভা, চলচ্চিত্র প্রদর্শনী, কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্ববোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী তথ্য অভিযান এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের একটি মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

জেলা তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে জুলাই-২০১৯ (১ম পক্ষ) মাসের **'জনমত'** প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী ঃ প্রতিবেদন এক প্রস্থ।

১৮.০৭.১৯

(মোঃ জাকির হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন ৮৩৯২২৯৬।
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী পরিচালক (বিতরণ), ওয়েবসাইটে প্রকাশের জন্য।

## জুলাই-২০১৯ (১ম পক্ষ)

- **জনমত শিরোনাম**

— রাজধানীতে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর ব্যবস্থা গ্রহণের তাগিদ জনসাধারণের

— বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা জনসাধারণের

— পিঁয়াজ-রসুনের দাম বৃদ্ধি পাওয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর জোর তাগিদ ভোক্তাসাধারণের

— ধানের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত এবং কৃষি উপকরন সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্তমান সরকারকে সাধুবাদ জানিয়েছে জনসাধারণ

— আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। বিশেষ অভিযান ব্যবস্থা সমুন্নত রাখার ওপর জোর দিয়েছে জনসাধারণ

Shuvo

## ❐ রাজধানীতে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর ব্যবস্থা গ্রহণের তাগিদ জনসাধারণের

- রাজধানীর বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায়, সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের জোরালো পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়েছে জনসাধারণ।

## ❐ বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা জনসাধারণের

- উত্তরাঞ্চলসহ দেশের বিভিন্ন অঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় লাখ লাখ মানুষ পানিবন্দী অবস্থায় মানবেতর জীবনযাপন করছে। প্রতিদিন নতুন নতুন এলাকা প্লাবিত হচ্ছে। কোন কোন জেলায় পানি কমলেও নদী ভাঙনের ফলে যোগাযোগ ব্যবস্থা চরম আকার ধারণ করছে। বন্যাক্রান্ত এলাকায় নদী ভাঙন আতঙ্ক বিরাজ করছে। পানিবাহিত নানা রোগে আক্রান্ত হয়ে পড়ছে বানভাসি মানুষ। এ অবস্থায় দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে সাধারণ জনগণ।

## ❐ পিঁয়াজ-রসুনের দাম বৃদ্ধি পাওয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর জোর তাগিদ ভোক্তাসাধারণের

- বাজারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর দাম বেড়েছে। বিশেষ করে পিঁয়াজ আর রসুনের দাম বেশি বেড়েছে। আর কিছুদিন পরই কোরবানির ঈদ। এ প্রেক্ষাপটে, নিত্যপণ্যের দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখার মতামত ব্যক্ত জনসাধারণের।

Shuvo

চলমান পাতা-৩

## ❐ ধানের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত এবং কৃষি উপকরন সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্তমান সরকারকে সাধুবাদ জানিয়েছে জনসাধারণ

- সরকারের কৃষিবান্ধব কর্মসূচিতে উদ্বুদ্ধ হয়ে দেশব্যাপী কৃষকরা আমন ধান চাষের জন্য বীজতলা প্রস্তুত করছেন। ধানের ন্যায্যমূল্য নিশ্চিত করতে, প্রশাসনের পক্ষ থেকে কৃষকের নিকট থেকে ধান ক্রয় করা হচ্ছে। বিভিন্ন জেলার কৃষি বিভাগ সূত্রে জানা যায়, সারের কোনো ঘাটতি নাই। কৃষিক্ষেত্রে সাফল্যের জন্য বর্তমান সরকারকে জনগণ সাধুবাদ জানিয়েছে।

## ❐ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। বিশেষ অভিযান ব্যবস্থা সমুন্নত রাখার ওপর জোর দিয়েছে জনসাধারণ

- সাম্প্রতিক সময়ে জঙ্গিদমনে আইন-শৃঙ্খলা বাহিনীর বিশেষ অভিযান পরিচালিত হওয়ায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। সাধারণ জনগণ আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক গৃহীত নিরাপত্তা ব্যবস্থায় সন্তুষ্টি প্রকাশ করেছে। সেইসাথে জনগণ সকল বর্বরোচিত ঘটনার বিচার দাবি করেছে এবং এ ধরনের ঘটনা আর যাতে না ঘটে সেজন্য আইন-শৃঙ্খলা বাহিনীসহ সকল সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার আহবান জানিয়েছে। পাশাপাশি জননিরাপত্তা যাতে বিঘ্নিত না হয় সেজন্য মাদকবিরোধী অভিযানসহ প্রয়োজনীয় সকল ধরনের অভিযানের ধারাবাহিকতা রক্ষার ওপর গুরুত্ব দিয়েছে সাধারণ জনগণ।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

Shukla
২৮.০৭.২০২২

শুকলা বনিক
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার